গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

[ মূসক আইন ও বিধি শাখা ]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৫৭.১৪/৯৬১ তারিখঃ ১১ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ। / ২৫ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ।

**বিষয়ঃ তথ্য ও প্রযুক্তি নির্ভর সেবার ক্ষেত্রে উৎসে মূল্য সংযোজন কর কর্তনের দিক-নির্দেশনা।**

সূত্রঃ ১) Acnabin নামীয় চার্টার্ড এ্যাকাউন্টস প্রতিষ্ঠানের ১১ ডিসেম্বর, ২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, তথ্য ও প্রযুক্তি নির্ভর সেবা (সেবা কোড S099.10) প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক ১৫% হারে সেবা সরবরাহের বিপরীতে কী হারে উৎসে মূসক কর্তনযোগ্য হবে সে বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

০২। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর-

ক) ধারা ১৫(৩) এ উল্লেখ রয়েছে,"কোন নিবন্ধিত ব্যক্তি তৃতীয় তফসিলে বর্ণিত হ্রাসকৃত মূসক হার কিংবা সুনির্দিষ্ট করের পরিবর্তে নির্ধারিত পদ্ধতিতে ১৫ শতাংশ হারে মূসক প্রদান করতে পারিবে";

খ) তৃতীয় তফসিল অনুযায়ী, তথ্য ও প্রযুক্তি নির্ভর সেবার (S099.10) ক্ষেত্রে মূসকের হার ৫%;

গ) জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত উৎসে মূল্য সংযোজন কর কর্তন ও আদায় বিধিমালা (প্রজ্ঞাপন এসআরও নং-২৪০ আইন/২০২১/১৬৩-মূসক, তারিখ ২৯ জুন ২০২১ খ্রিঃ) এর বিধি-৩ এর উপবিধি (২) এর ছকে বর্ণিত হারে আবশ্যিকভাবে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক উৎসে মূসক কর্তন করতে হবে।

ঘ) উক্ত ছকের ক্রমিক নং ৪০ এ উল্লিখিত তথ্য-প্রযুক্তি নির্ভর সেবার (সেবা কোড S099.10) ক্ষেত্রে উৎসে মূসক কর্তনের হার ৫%।

ঙ) উৎসে মূসক কর্তন ও আদায় বিধিমালা, ২০২১ খ্রিঃ এর বিধি-৩ এর উপ-বিধি (২) অনুযায়ী ১৫% হারে মূসক পরিশোধকারি তথ্য প্রযুক্তি নির্ভর সেবা প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের বিল হতে উৎসে কর্তনকারী সত্তা কর্তৃক আবশ্যিকভাবে ৫% হারে উৎসে কর্তন করতে হবে।

চ) তবে উক্ত সেবা সরবরাহের বিপরীতে সরবরাহ সংশ্লিষ্ট করমেয়াদে, সেবা সরবরাহকারী দাখিলপত্রের Part-3 (Output Tax) অংশে ১৫% হারে উৎপাদ কর প্রদর্শন করবে এবং তদানুযায়ী প্রযোজ্য কর পরিশোধ করবে। এক্ষেত্রে উৎসে কর্তনকারী সত্তা হতে উৎসে কর কর্তন সনদপত্র (ফরম মূসক-৬.৬) প্রাপ্তি সাপেক্ষে নির্ধারিত করমেয়াদের মধ্যে উৎসে কর্তনকৃত মূসক হ্রাসকারী সমন্বয় করা যাবে।

০৩। বিষয়সমূহ নির্দেশক্রমে অবহিত করা হলো।

Rhasan
25/05/23

( কাজী রেজাউল হাসান )
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)
ফোনঃ ০২২২২২১৭৭২৫, এক্সঃ ০৭৫৮
ই-মেইলঃ vatpolicy@gmail.com

প্রাপকঃ

**ব্যবস্থাপনা পরিচালক**
Acnabin
Chartered Accounts

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১২) কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/বৃহৎ করদাতা ইউনিট, মূসক/চট্টগ্রাম/খুলনা/যশোর/কুমিল্লা/রাজশাহী/রংপুর/সিলেট।